বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
এইচএসসি (বিএমটি) শাখা
Website: www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০২.৩৭.০৩৭.২৬.২৭২ তারিখ: ২৪ নভেম্বর ২০২৬ খ্রি.

সাপ্লিমেন্টারি পরীক্ষা ২০২৬ এর ফরম পুরণের সময় বৃদ্ধির বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, ২০২৬ সালের এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) এবং ডিপ্লোমা-ইন-কমার্স (সাপ্লিমেন্টারি) পরীক্ষার ফরম পূরণের কার্যক্রম নিম্নে উল্লিখিত তারিখ অনুযায়ী বৃদ্ধি করা হলো।

নিম্নোক্ত ছকে বর্ণিত তারিখ অনুযায়ী অনলাইনে ফরম পূরণ সংক্রান্ত কার্যক্রম অবশ্যই সম্পন্ন করতে হবে।

ক্র: নং	বিবরণ	সময়কাল
১.	অনলাইনে ফরম পূরণ	২৫ নভেম্বর ২০২৬খ্রি. হতে ২৬ নভেম্বর ২০২৬খ্রি. পর্যন্ত
২.	সোনালী সেবার মাধ্যমে ফরম পূরণের ফি জমা	২৯ নভেম্বর ২০২৬খ্রি.

- উল্লেখ্য, ২৩ নভেম্বর ২০২৬খ্রি. উত্তরপত্র পুন:নিরীক্ষণসহ পুনর্মূল্যায়নের ফলাফল প্রকাশের পর যে সকল পরীক্ষার্থী এখন এক বা দুই বিষয়ে অকৃতকার্য রয়েছে সেসকল পরীক্ষার্থী এবং পূর্বে ফরম পূরণ করতে পারেনি এমন পরীক্ষার্থী (যারা এক বা দুই বিষয়ে অকৃতকার্য) উভয়ে উপরোক্ত সময়ের মধ্যে ফরম পূরণ করতে পারবে।
- উল্লিখিত সময়ের মধ্যে যে সকল পরীক্ষার্থীর ফরম পূরণ ও সোনালী সেবার মাধ্যমে ফি পরিশোধ করা হবে সে সকল শিক্ষার্থীদের প্রবেশপত্র ৩০ নভেম্বর ২০২৬খ্রি. তারিখে ডাউনলোড করতে হবে। পূর্বে ফরম পূরণ ও সোনালী সেবার মাধ্যমে ফি পরিশোধিত পরীক্ষার্থীদের প্রবেশপত্র পূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী ২৮-২৯ নভেম্বর ২০২৬খ্রি. তারিখে ডাউনলোড করা যাবে।
- কোনক্রমেই ম্যানুয়েল ফরম ফিলাপ করা যাবে না বিধায় প্রতিষ্ঠান উল্লিখিত সময়ের মধ্যে ফরমপূরণ ও ফি পরিশোধ করবেন।

বিষয়টি অতীব জরুরী।

২৪/১১/২৬
(প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

স্মারক নং:- ৫৭.১৭.০০০০.৩০২.৩৭.০৩৭.২৬.২৭২ (৭) তারিখ : ২৪ নভেম্বর ২০২৬ খ্রি.

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। বিভাগীয় প্রধান (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
৪। সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
(বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৫। অধ্যক্ষ, (সকল প্রতিষ্ঠান)।
৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। সংশ্লিষ্ট নথি।

২৪/১১/২০২৬
(মোঃ আবুল হোসেন)
উপপরীক্ষা নিয়ন্ত্রক (অ. দা.)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ফোন: ০২-৫৫০০৬৫২৯